



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
ইনোভেশন টিম



২০২০-২০২১ অর্থবছরের বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের উদ্ভাবনী উদ্যোগ সংক্রান্ত ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ আলী আকবর পরিচালক (ভূতত্ত্ব)
সভার তারিখ	১৩ জুন, ২০২১
সভার সময়	বেলা ১১:০০
স্থান	শহীদ মোখলেছুর রহমান মিলনায়তন।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব ২০২০-২১ অর্থবছরে ইনোভেশন টিমের বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। এছাড়া, উদ্ভাবকগণের সম্মাননা ও পুরস্কার এবং অত্র অর্থবছরে বাস্তবায়িতব্য উদ্ভাবনী উদ্যোগগুলোর মূদ্রণ ও প্রকাশনার বিষয়ে সভায় উপস্থাপন করেন। সভাপতি মহোদয় ইনোভেশন টিম কর্তৃক পরিকল্পিত উদ্ভাবন সম্পর্কিত কর্মশালায় অংশগ্রহনকারী নির্বাচনের বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। তিনি কর্মশালার সময়সূচী বিষয়ে আলোচনার জন্য সকলকে আহ্বান জানান। জনাব আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) প্রত্যেকটি শাখা-উপশাখা থেকে নির্দিষ্ট সংখ্যক কর্মকর্তাগণকে আমন্ত্রণের ব্যাপারে তার মতামত দেন। ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করার ব্যাপারে সভার পরামর্শ আহ্বান করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

ক। ইনোভেশন টিম কর্তৃক পরিকল্পিত উদ্ভাবন সম্পর্কিত কর্মশালা আয়োজনের বিষয়ে মতামত ও তারিখ নির্ধারণের বিষয়ে মহাপরিচালক মহোদয় বরাবর নোট উপস্থাপন করা হবে।

খ। পরিকল্পিত উদ্ভাবন সম্পর্কিত কর্মশালা দুই ধাপে অনুষ্ঠিত হবে। প্রথম ধাপে (সকাল ১০ টা থেকে বেলা ১ টা) উদ্ভাবনী উপস্থাপনা ও উদ্ভাবনী আইডিয়া সংগ্রহ করা হবে। দ্বিতীয় ধাপে (বিকাল ৩ টা থেকে বিকাল ৫টা) ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবকগণকে সম্মাননা ও পুরস্কার প্রদান করা হবে।

গ। কর্মশালায় সকল শাখাপ্রধানসহ প্রত্যেকটি শাখা ও প্রয়োজনীয় ক্ষেত্রে উপশাখা থেকে নির্দিষ্ট সংখ্যক কর্মকর্তাগণকে কর্মশালায় অংশগ্রহনের আমন্ত্রণ জানানো হবে।

ঘ। ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন যথাসময়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আলী আকবর
পরিচালক (ভূতত্ত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯.২৫

তারিখ: ১০ আষাঢ়. ১৪২৮

২৪ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (ভূতত্ত্ব) , অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২) পরিচালক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক, GeoUPAC, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৪) উপ-পরিচালক (ভূপদার্থ)-৩ , ভূ-বৈদ্যুতিক ও ভূকম্পন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৫) উপ-পরিচালক (রসায়ন)-১, বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৬) উপ-পরিচালক (ড্রিলিং)-৩, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৭) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৪ , শিলাবিদ্যা ও মনিকবিদ্যা শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৮) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৫ , ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৯) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



মো: মহি উদ্দিন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৫